তারিখ ..07. NOV..2016... ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম.... ৬ ......

# ঢাবি ডিনস অ্যাওয়ার্ড পেলেন ৩ জন শিক্ষক এবং ৩০ জন শিক্ষার্থী

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

২০১৪ সালের বিএস সম্মান পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ৩০ শিক্ষার্থী অনুষদের ডিনস অ্যাওয়ার্ড লাভ করেছেন। এছাড়া, পুস্তক রচনা ও মৌলিক গবেষণায় অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ অনুষদের ৩ জন শিক্ষককে ডিনস অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ডিনস অ্যাওয়ার্ডপ্রাপ্তদের হাতে ক্রেস্ট ও সনদপত্র তুলে দেন।

বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল আজিজের সভাপতিত্বে অনুষ্ঠানে উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন রসায়ন বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. নীলুফার নাহার।